অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 8/9/2024 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল জুলাই মাসে ওয়েস্টার্ন ওয়াইল্ডল্যান্ডের আগুনের মোকাবেলা করতে মোতায়েন করা নিউ ইয়র্ক স্টেটের দমকল কর্মীদের প্রত্যাবর্তনে তাদের স্বাগত জানালেন

DEC এর দমকল কর্মীরা মন্টানা এবং ওরেগনের দাবানল নিয়ন্ত্রণের প্রয়াসে সহায়তা করেছে

মোতায়েনের ছবি দেখুন

গভর্নর ক্যাথি হোকল আজকে ঘোষণা করেন যে মন্টানা ও ওরেগনে দুই সপ্তাহের অ্যাসাইনমেন্টের পর পরিবেশ সংরক্ষণ বিভাগের (Department of Environmental Conservation, DEC) ফরেস্ট রেঞ্জারদের নেতৃত্বে 21 জন ওয়াইল্ডল্যান্ড দমকলকর্মী নিরাপদে ফেরত এসেছে। মন্টানার গ্রাউজ ফায়ারে অগ্নি নির্বাপণ প্রয়াসে 20 সদস্যের একটি কর্মীদল সহায়তা করেছে। ওরেগনের রেড ফায়ারের অগ্নি নির্বাপণ প্রয়াসে সহায়তা করার জন্য ইস্টার্ন এরিয়া ঘটনা ব্যবস্থাপনা দলের (Eastern Area Incident Management Team) সাথে একজন অতিরিক্ত ফরেস্ট রেঞ্জারকে নিযুক্ত করা হয়।

"অন্যান্য স্টেট যখন নিউ ইয়র্কের কাছে সাহায্য চায়, তখন আমরা সর্বদা সাহায্যের হাত বাড়াতে প্রস্তুত থাকি," **গভর্নর হোকল বলেন।** "আমাদের DEC এর ফরেস্ট রেঞ্জার এবং ওয়াইল্ডল্যান্ড দমকলকর্মীদের অভিজ্ঞতার কারণে আমরা দুইটি স্টেটের অগ্নি নিয়ন্ত্রণ প্রয়াসে অবদান রাখতে সক্ষম হয়েছি। বিপদে থাকা আগন্তুকদের সাহায্য করার জন্য বাড়ি থেকে দূরে ভ্রমণ করতে ইচ্ছুক ব্যক্তিদের প্রতি আমি কৃতজ্ঞ এবং তাদের নিরাপদ প্রত্যাবর্তনে তাদের স্বাগত জানাচ্ছি।"

25 জুলাই শুরু হওয়ার পর থেকে গ্রাউজ ফায়ারে বিভারহেড-ডিয়ারলজ ন্যাশনাল ফরেস্টে (Beaverhead-Deerlodge National Forest) 3,000 একরের বেশি পুড়ে গেছে। পুরো দেশের 200 এর বেশি দমকলকর্মীর সাথে নিউ ইয়র্কের কর্মীবাহিনী যোগদান করে। পরিবেশ সংরক্ষণ বিভাগের ফরেস্ট রেঞ্জার রবার্ট প্র্যাকজকাজো দুই সপ্তাহের অ্যাসাইনমেন্টের ক্রু বস হিসেবে দায়িত্ব পালন করেছেন এবং তার সাথে ছিলো সাতজন অতিরিক্ত ফরেস্ট রেঞ্জার, ভূমি ও বন (Lands and Forests) এবং মৎস্য ও বন্যপ্রাণী (Fish and Wildlife) বিভাগ থেকে 11 জন DEC এর দক্ষভাবে প্রশিক্ষিত ওয়াইল্ডল্যান্ড দমকলকর্মী, এবং একজন DEC ফায়ার ওয়ার্ডেন। এই সাড়াদানকারীরা নিয়ন্ত্রণ রেখা রক্ষা, হট স্পটে টহলদান করা, এবং ভবনের প্রতি সম্ভাব্য ঝুঁকি খোঁজার কাজে মনোনিবেশ করেছে।

নিউ ইয়র্ক স্টেটের ফরেস্ট রেঞ্জার মাইকেল বার্কহোল্ডার রেড ফায়ারের একজন ফ্যাসিলিটিজ ইউনিট লিডার হিসেবে দায়িত্ব পালন করেছেন, যেখানে 17 জুলাই বিদ্যুৎ চমকানোর মাধ্যমে শুরু হওয়া অগ্নিকাণ্ড ডাশুটস ন্যাশনাল ফরেস্টের (Deschutes National Forest) প্রায় 500 একর পুড়িয়ে দিয়েছে। রেঞ্জার বার্কহোল্ডার ফ্যাসিলিটি পরিদর্শন সম্পাদন করেছেন এবং 250 জনের বেশি দমকলকর্মী ও সমর্থন কর্মীদের একটি বড় ক্যাম্পকে সমর্থন করেছেন।

নিউ ইয়র্ক স্টেট পরিবেশ সংরক্ষণ বিভাগের অন্তর্বর্তীকালীন কমিশনার শন মাহার বলেন, "আমাদের বন্ধু স্টেট মন্টানা ও ওরেগনের আহ্বানে সাড়াদান করার জন্য একাধিক বিভাগ থেকে আমাদের নিবেদিত ও দক্ষ প্রশিক্ষিত DEC কর্মচারীদেরকে আমি ধন্যবাদ জানাচ্ছি। এইসব ওয়াইল্ডল্যান্ড দমকলকর্মী শুধু অমূল্য সেবাদান করেনি, বরং এছাড়াও তারা নতুন অগ্নি নির্বাপণ জ্ঞান নিয়ে ফেরত আসছে যা আমাদের এখানকার দাবানলের ঘটনায় নিউ ইয়র্কবাসীকে নিরাপদ রাখতে সাহায্য করবে।"

ফেরত আসা দল:

মাইকেল বার্কহোল্ডার - ফ্যাসিলিটিজ ইউনিট লিডার - ফরেস্ট রেঞ্জার, নরউইচ
রবার্ট প্র্যাকজকাজো - ক্রু বস - ফরেস্ট রেঞ্জার, সারানাক লেক
জেমস ক্যানাভারি - ভূমি ও বন, হারমোন
গ্রেগরি সার্ন - মৎস্য ও বন্যপ্রাণী, নিউ প্যাল্টজ
জশুয়া চোকেট - মৎস্য ও বন্যপ্রাণী, বভিনা সেন্টার
জোনাথন ক্লিভল্যান্ড - ভূমি ও বন, কর্নিং
লরেন্স ডে - ফায়ার ওয়ার্ডেন, হ্যামন্ডসপোর্ট
এরিক এগার - ভূমি ও বন, হর্নেল
অ্যারন গ্রেভস - ভূমি ও বন, পটসড্যাম
লিংকন হ্যানো - ফরেস্ট রেঞ্জার, ক্রোঘ্যান
স্কট হিকস - ফরেস্ট রেঞ্জার, রনকনকোমা
স্টিভেন জ্যাকসন - ফরেস্ট রেঞ্জার, জনসনভিল
এরিক কাসজা - ভূমি ও বন, চেরি ভ্যালি
ক্রামার কোয়াজালা - ভূমি ও বন, অ্যালবানি
চেস্টার লান্ট - ফরেস্ট রেঞ্জার, ফ্যাবিয়াস
জ্যামিসন মার্টিন - ফরেস্ট রেঞ্জার, নর্থ হাডসন
পিটার মোরহাউজ - ফরেস্ট রেঞ্জার, চেস্টারটাউন
মাইকেল পুটন্যাম - মৎস্য ও বন্যপ্রাণী, সিরাকিউজ
লোগান কুইন - ফরেস্ট রেঞ্জার, নর্থ হাডসন
ড্যানিয়েল ওয়েলক - ভূমি ও বন, শেরবার্ন
টিমোথি ইয়েটস - ভূমি ও বন, অ্যাকর্ড

তিনজন অতিরিক্ত DEC ওয়াইল্ডল্যান্ড দমকলকর্মীকে এই সপ্তাহে মন্টানাতে নিযুক্ত করা হয়েছে এবং চলমান অগ্নি নিয়ন্ত্রণ প্রয়াসে সমর্থন করার জন্য আগামী সপ্তাহগুলিতে অন্যান্যদের পশ্চিমে মোতায়েন করার কথা রয়েছে। 1979 সালে, পশ্চিমাঞ্চলীয় স্টেটপগুলোর

বড় বড় দাবানলে সহায়তার উদ্দেশ্যে নিউ ইয়র্ক প্রথম অগ্নিনির্বাপক বাহিনী পাঠিয়েছিল। গড়ে, প্রতি বছর দাবানল নেভাতে সহায়তা করার জন্য প্রয়োজন অনুযায়ী একটি বা দুটি বাহিনীকে নিযুক্ত করা হয়। দাবানল নিয়ন্ত্রণ এবং ক্ষয়ক্ষতি হ্রাসে সহায়তা করার পাশাপাশি, এই কর্মীরা দাবানলের বিরুদ্ধে লড়াই করার এবং নিউইয়র্কের সকল ঝুঁকিপূর্ণ ঘটনা পরিচালনা করার জন্য মূল্যবান অভিজ্ঞতা অর্জন করে। নিউ ইয়র্ক কর্মীদলের সমস্ত ব্যক্তিগত এবং যাতায়াতের খরচ হয় মার্কিন যুক্তরাষ্ট্রের অরণ্য পরিষেবা (U.S. Forest Service) সরাসরি পরিশোধ করে অথবা স্টেট এবং ফেডারেল ভূমি এজেন্সিগুলির মধ্যকার পারস্পরিক সহায়তা চুক্তির ভিত্তিতে নিউ ইয়র্ক স্টেটকে এর ব্যয়পূরণ প্রদান করা হয়।

ফরেস্ট রেঞ্জার হতে আগ্রহী ব্যক্তিদেরকে এই ফল মৌসুমে অনুষ্ঠিতব্য পরবর্তী সিভিল সার্ভিস পরীক্ষা দেওয়ার জন্য 14 আগস্টের মধ্যে আবেদন করার জন্য উৎসাহিত করা যাচ্ছে। আরো জানার জন্য সিভিল সার্ভিস বিভাগের (Department of Civil Service) ওয়েবসাইট ভিজিট করুন।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418
গভর্নরের অফিস থেকে আপডেট পেতে সাইন-আপ করুন: ny.gov/signup | NEW YORK লিখে 81336 নম্বরে টেক্সট পাঠান

আনসাবস্ক্রাইব করুন